অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/21/2022 **গভর্নর ক্যাথি হোকল**

শীতকালীন ঝড়ের কারণে আপস্টেট নিউ ইয়র্ক কমিউনিটিগুলো প্রায় সাত ফুট বরফের নিচে চাপা পড়ার পরিপ্রেক্ষিতে প্রেসিডেন্ট বাইডেনের কাছ থেকে গভর্নর হোকলের জরুরি অবস্থার ঘোষণা সংগ্রহ

গভর্নরের জরুরি অবস্থা ঘোষণার আওতাধীন 11টি কাউন্টির জন্য প্রেসিডেন্ট বাইডেনের কাছ থেকে আসা জরুরি অবস্থার ঘোষণা ক্ষতিগ্রস্ত কাউন্টিগুলোর জন্য সাড়াদান কার্যক্রমে সহায়তা করার জন্য ফেডারেল তহবিলে অ্যাক্সেস প্রদান করছে

ঐতিহাসিক তুষারপাতের ঘটনার পরিপ্রেক্ষিতে স্টেট সংস্থার জরুরি সাড়াদান সম্পদ স্থানীয় সরকারগুলোকে পরিষ্কার করার কাজে এবং পুনরুদ্ধার প্রচেষ্টায় সহায়তা করা অব্যাহত রেখেছে

এরি কাউন্টিতে অরচার্ড পার্কে 80 ইঞ্চি বরফ জমা হয়েছে বলে জানা গেছে, যেখানে ঘণ্টায় সর্বোচ্চ ছয় ইঞ্চি হারে তুষারপাত হয়েছে; বাফেলো সিটি এবং ল্যাকওয়ানা সিটির কিছু অংশে এখনো ভ্রমণের ওপর নিষেধাজ্ঞা কার্যকর রয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে এই গত সপ্তাহে ঐতিহাসিক শীতকালীন ঝড়ের কারণে নিউ ইয়র্কের কিছু আপস্টেট কমিউনিটিতে প্রায় সাত ফুট বরফ জমা হওয়ার পরে, প্রেসিডেন্ট বাইডেন ক্যাটারাউগাস, চৌতাউকা, এরি, গিনিস, জেফারসন, লুইস, নায়াগ্রা, ওনেইডা, অসওয়েগো, সেন্ট লরেন্স, ওয়াইওমিং কাউন্টির জন্য জরুরি অবস্থা ঘোষণার জন্য তার অনুরোধ অনুমোদন করেছেন। জরুরি অবস্থা ঘোষণার আওতায়, ইতোপূর্বে তালিকাভুক্ত কাউন্টিগুলোর জন্য সরাসরি ফেডারেল সহায়তা লভ্য হয়েছে এবং FEMA-কে স্টেটের জন্য জরুরি সুরক্ষামূলক পদক্ষেপ গ্রহণের অনুমোদন দেওয়া হয়েছে, যার মধ্যে অনুসন্ধান ও উদ্ধার কার্যক্রমের পাশাপাশি সড়ক ও সেতু, ওয়াটার কন্ট্রোল ফ্যাসিলিটি, ইউটিলিটি, এবং গণপরিবহন ফ্যাসিলিটি ইত্যাদির মতো অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো সুরক্ষিত রাখার জন্য গৃহীত পদক্ষেপসমূহ অন্তর্ভুক্ত রয়েছে। গভর্নর হোকলের নির্দেশনা অনুযায়ী, ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, সেন্ট্রাল নিউ ইয়র্ক ও নর্থ কান্ট্রির ক্ষতিগ্রস্ত এলাকাগুলোতে স্টেট সংস্থাগুলোর জরুরি সাড়াদান সম্পদ মাঠপর্যায়ে থেকে স্থানীয় সরকারগুলোকে পরিষ্কারের কাজে এবং পুনরুদ্ধার প্রচেষ্টায় সহায়তা করছে।

"আমাদের জরুরি অবস্থা ঘোষণার অনুরোধ অবিলম্বে অনুমোদন করায় এবং আমাদের চলমান শক্তিশালী অংশীদারিত্বের জন্য আমি প্রেসিডেন্ট বাইডেনকে ধন্যবাদ জানাই এবং সেইসাথে নিউ

ইয়র্কবাসীদের জন্য ত্রাণ সংগ্রহের ক্ষেত্রে তার সহায়তার জন্য আমি সিনেটর স্কুমারকে ধন্যবাদ জানাই," **বলেছেন গভর্নর হোকল**। "আমি ও আমার টিম সবাইকে নিরপদ রাখতে, কমিউনিটিগুলোকে এই নজিরবিহীন, রেকর্ড ভঙ্গকারী ঐতিহাসিক শীতকালীন ঝড়ের ক্ষতি থেকে পুনর্নির্মাণ ও পুনরুদ্ধারের ক্ষেত্রে সাহায্য করতে সম্ভাব্য প্রতিটি ডলার খুঁজে বের করতে এবং সংগ্রহ করতে সাহায্য করার জন্য সার্বক্ষণিকভাবে কাজ করে যাবো।"

এই উইকএন্ডে, গভর্নর হোকল ফেডারেল সরকারের কাছে জরুরি অবস্থা ঘোষণার অনুরোধ জানিয়ে একটি আবেদন জমা দেন, যেটি রবিবার সন্ধ্যায় অনুমোদিত হয়। শেষবার 2014 সালে নিউ ইয়র্ক স্টেট অনুরূপ একটি শীতকালীন ঝড়ের কারণে জরুরি অবস্থা ঘোষণার জন্য অনুরোধ জানিয়েছিলেন, তখন অনুরোধটি অনুমোদিত হতে কয়েক সপ্তাহ সময় লেগে গিয়েছিল। ফেডারেল সহায়তার প্রয়োজন রয়েছে বলে সিদ্ধান্ত নেওয়া যেকোনো উপলক্ষ্য বা ঘটনার জন্য প্রেসিডেন্ট জরুরি অবস্থার ঘোষণা প্রদান করতে পারেন। এসব ঘোষণা জরুরি পরিষেবা সরবরাহ করার ক্ষেত্রে, যেমন জীবন, সম্পত্তি, জনস্বাস্থ্য, ও নিরাপত্তা রক্ষার্থে, অথবা যুক্তরাষ্ট্রের যেকোনো অংশে কোনো বিপর্যয়ের হুমকি কমিয়ে আনা বা দূর করার জন্য স্টেট ও স্থানীয় পর্যায়ের প্রচেষ্টার সম্পূরক হিসেবে কাজ করে। এছাড়াও স্টেটের কার্যক্রম সাড়াদানের পর্যায় থেকে পুনরুদ্ধারের পর্যায়ে চলে যাওয়ার পরে, গভর্নর হোকল ফেডারেল ক্ষুদ্র ব্যবসা প্রশাসনকে (Small Business Administration) কিভাবে এটি 11টি কাউন্টি ও পার্শ্ববর্তী কাউন্টিগুলোতে ঝড়ের কারণে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র ব্যবসাগুলোকে সাহায্য করতে পারবে তা মূল্যায়ন করতে বলবেন।

গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services, DHSES)-এর কমিশনার জ্যাকি ব্রে ক্ষতিগ্রস্ত কাউন্টিগুলোর স্থানীয় কর্মকর্তাদেরকে যেকোনো সংস্থানের প্রয়োজনের কথা সরাসরি NY রেসপন্ডস (NY Responds)-এ জমা দেওয়ার জন্য তাদের কাউন্টি ইমার্জেন্সি ম্যানেজারদের সঙ্গে কাজ করার জন্য উৎসাহিত করেছেন, যেটি স্টেটের ওয়েব-ভিত্তিক সিস্টেম যা স্থানীয় সরকারগুলো এবং স্টেট সংস্থাসমূহ উভয়কে জরুরি অবস্থার সাথে সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য ও সংস্থানের অনুরোধ জমা দেওয়া ও শেয়ার করার সুযোগ প্রদান করছে।

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস-এর কমিশনার জ্যাকি ব্রে বলেন, "গভর্নর হোকল এবং প্রেসিডেন্ট বাইডেনের কারণে, এই জরুরি অবস্থার ঘোষণা ঝড়ের আগে থেকে স্টেট যেসব স্থানীয় সরকারগুলোকে সহায়তা প্রদান করে আসছে তাদের জন্য অতি প্রয়োজনীয় ফেডারেল ত্রাণ প্রদান করবে। আমাদের কমিউনিটিগুলো যাতে স্বাভাবিক অবস্থায় ফিরে যেতে পারে সে বিষয়টি নিশ্চিত করতে এই তহবিলের সর্বোচ্চ প্রভাব কাজে লাগানোর জন্য আমি ও আমার টিম সরাসরি FEMA-এর সঙ্গে কাজ করবো।"

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস-এর অফিস অব ইমার্জেন্সি ম্যানেজমেন্ট (Office of Emergency Management) এবং অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অধিদপ্তর (Office of Fire Prevention and Control), পরিবহন বিভাগ (Department of Transportation), নিউ ইয়র্ক স্টেট পুলিস (New York State Police), থ্রুওয়ে অথরিটি (Thruway Authority), এবং ন্যাশনাল গার্ড (National Guard) শীতকালীন ঝড়ের ঘটনায় সাড়াদান এবং

বরফ সরানো ও পরিষ্কার কার্যক্রমে স্থানীয় সরকারগুলোকে সহায়তা করার জন্য পুরোপুরিভাবে সম্পৃক্ত রয়েছে।

বৃহস্পতিবারে লেক ইফেক্ট তুষারপাত আঘাত হানার আগে, গভর্নর হোকল11টি কাউন্টি এবং পার্শ্ববর্তী কাউন্টিগুলোর জন্য জরুরি অবস্থা ঘোষণা করেছিলেন, যা এখনো কার্যকর রয়েছে। সেইসাথে, নিউ ইয়র্কের জরুরি অবস্থা নিয়ন্ত্রণ বিশেষজ্ঞগণ এই ঘটনার আগের কয়েক দিন থেকে তাদের স্থানীয় সহকর্মীদের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে আসছেন।

বৃহস্পতিবারে শুরু হওয়া শীতকালীন ঝড়টি রবিবার পর্যন্ত স্টেটের কয়েকটি অঞ্চলে আঘাত হেনেছে, যার ফলে এরি কাউন্টিতে অরচার্ড পার্কে 80 ইঞ্চি বরফ হয়েছে বলে জানা গেছে, এবং এরি ও জেফারসন কাউন্টির কিছু অংশে ছয় ফুটেরও বেশি বরফ জমা হয়েছে বলে জানা গেছে। এই ঝড় চলাকালীন সময়ে, এসব এলাকায় প্রতি ঘণ্টায় দুই থেকে তিন ইঞ্চি হারে লাগাতার তুষারপাত হয়েছে, এবং কিছু এলাকায় এক ঘণ্টায় সর্বোচ্চ ছয় ইঞ্চি পর্যন্ত হারে তুষারপাত হতে দেখা গেছে। এই তীব্র তুষারপাত ভ্রমণের জন্য অত্যন্ত বিপজ্জনক অবস্থা তৈরি করেছে।

DHSES-এর ডিজেস্টার রিকভারি টিম ফেডারেল সহায়তাকে সর্বোচ্চরূপে কাজে লাগানোর জন্য জরুরি অবস্থার ঘোষণায় তালিকাভুক্ত 11টি কাউন্টির সঙ্গে অবিলম্বে কাজ করা শুরু করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418